গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
জননিরাপত্তা বিভাগ
নিরাপত্তা শাখা-২
www.mhapsd.gov.bd

ডাইরী নং ৭২২ তারিখ

নং-৪৪.০০.০০০০.০৩৫.০২.০০১.১৫(অংশ)-১২২ তারিখঃ ১৩ পৌষ ১৪২৪
২৭ ডিসেম্বর ২০১৭

বিষয় ঃ Digital Access Control System পরিচালনার নিমিত্ত Database প্রস্তুত ও RFD কার্ড প্রদান।

সূত্র ঃ Merits Technologies Ltd হতে প্রাপ্ত ০৩ অক্টোবর ২০১৭ খ্রিঃ তারিখের ১৮০ নম্বর পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ সচিবালয়ের অভ্যন্তরে সার্বিক নিরাপত্তা নিশ্চিত করার লক্ষে স্বরাষ্ট্র মন্ত্রণালয় ইতোমধ্যে বিভিন্ন কার্যক্রম গ্রহণ করেছে। তারই অংশ হিসেবে Digital Access Control System পরিচালনার নিমিত্ত Database তৈরী আবশ্যক বিধায় Digital Access Control System পরিচালনার নিমিত্ত Database প্রস্তুতের লক্ষ্যে সকল মন্ত্রণালয়ের কর্মকর্তা-কর্মচারিদের তথ্য প্রয়োজন। উল্লেখ্য, তথ্য প্রাপ্তির পর নতুনভাবে ডিজিটাল পরিচয়পত্র প্রদান করা হবে। নতুন পরিচয়পত্র গ্রহণ না করা হলে ২ ও ৫ নং গেইট দিয়ে সচিবালয়ের অভ্যন্তরে প্রবেশে সমস্যার সম্মুখীন হতে হবে।

এমতাবস্থায়, বাংলাদেশ সচিবালয়ের অভ্যন্তরে প্রবেশের লক্ষে মন্ত্রণালয়/বিভাগ এর কর্মকর্তা-কর্মচারিগণের প্রত্যেকের ০১ (এক) কপি পাসপোর্ট সাইজের ছবিসহ নিম্নোক্ত (ছক মোতাবেক) তথ্য আগামী ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে পুনরায় অনুরোধ করা হলো ঃ

Ministry/Division of:

SN	Name	Designation	Date of Birth	Blood group	Mobile no

মোঃ ফিরোজ উদ্দিন খলিফা
উপসচিব
ফোন: ৯৫৭৩৮০৩
Jssecurity@mha.gov.bd.

১। সিনিয়র সচিব/ সচিব----------(সকল) মন্ত্রণালয়/বিভাগ,
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপি ঃ

১. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
২. সচিব-মহোদয়ের একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

ডাক ই-নথিতে আপলোড করা হয়েছে

বস্ত্র ও পাট মন্ত্রণালয়
প্রশাসন-২ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নং-২৪.০০.০০০০.১১২.২৩.০০২.১৫-১৬৪ তারিখঃ ৩১/০১/২০১৮ খ্রি.

বিষয়ঃ Digital Access Control System পরিচালনার নিমিত্ত Database প্রস্তুত ও RFD কার্ড প্রদান প্রসংগে।

সূত্রঃ ৪৪.০০.০০০০.০৩৫.০২.০০১.১৫(অংশ)-১২২, তারিখ-২৭/১২/২০১৭ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে Digital Access Control System পরিচালনার নিমিত্ত Database প্রস্তুত ও RFD কার্ড প্রদানের জন্য এই মন্ত্রণালয়ের কর্মকর্তা/কর্মচারীগণের তালিকা আগামী ০৪ ফেব্রয়ারী ২০১৮ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট প্রেরণ করার জন্য নির্দেশক্রম অনুরোধ করা হলো।

নারায়ণ চন্দ্র সরকার
উপসচিব
ফোনঃ ৯৫১৪৪৬৪
motj.ad2@gmail.com

বিতরণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। অতিরিক্ত সচিব (সকল), বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। যুগ্ম-সচিব (সকল), বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদশ সচিবালয়, ঢাকা।
০৩। উপসচিব (সকল)/উপপ্রধান, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪। সিস্টেম এনালিস্ট, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৫। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৬। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৭। সচিব মহোদয়ের একান্ত সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৮। সিনিয়র সহকারী সচিব/সিনিয়র সহকারী প্রধান/সহকারী সচিব (সকল)/সহকারী প্রধান/প্রোগ্রামার/ সহকারী প্রোগ্রামার, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৯। প্রোগ্রামার, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

এ. টি. এম আলিমুজ্জামান
সিস্টেম এনালিস্ট

অতি জরুরী
ই-মেইল/বিশেষ বার্তাবাহক মারফত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
পরিকল্পনা শাখা-১
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নং-২৪.০০.০০০০.২০৬.০৩৬.০৬.১৭-৭২ তারিখঃ ৩১/১/২০১৮ খ্রিঃ।

স্টিয়ারিং কমিটির সভার বিজ্ঞপ্তি

বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের আওতায় দপ্তর/সংস্থা কর্তৃক বাস্তবায়নাধীন (পরিকল্পনা কমিশনের শিল্প ও শক্তি সেক্টর সংশ্লিষ্ট) নিম্নবর্ণিত উন্নয়ন প্রকল্পসমূহের স্টিয়ারিং কমিটির সভা আগামী ০৫/২/২০১৮ তারিখ দুপুর ২.০০ টায় সচিব মহোদয়ের সভাপতিত্বে এ মন্ত্রণালয়ের সভাকক্ষে (ভবন নং-৬, কক্ষ নং-১১১৩, বাংলাদেশ সচিবালয়, ঢাকা) অনুষ্ঠিত হবে।

ক্রঃ নং	প্রকল্পের নাম
১)	"ব্যালেন্সিং মডার্নাইজেশন রিনোভেশন এন্ড এক্সপানশন (বিএমআরই) অব দ্যা এক্সিসটিং ক্লথ প্রসেসিং সেন্টার এ্যাট মাধবদি, নরসিংদী (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্প।
২)	বিভিন্ন তাঁত অধ্যুষিত এলাকায় ০৩টি তাঁত সেবা কেন্দ্র স্থাপন শীর্ষক প্রকল্প
৩)	বাংলাদেশ রেশম শিল্পের সম্প্রসারণ ও উন্নয়নের জন্য সমন্বিত পরিকল্পনা শীর্ষক প্রকল্প
৪)	রেশম প্রযুক্তি উন্নয়ন, বিস্তার ও দক্ষ জনশক্তি সৃষ্টির মাধ্যমে উৎপাদনশীলতা বৃদ্ধিকরণ।
৫)	৪টি টেক্সটাল ইন্সটিটিউট স্থাপন শীর্ষক প্রকল্প।

২। সংশ্লিষ্ট প্রকল্প পরিচালকগণ গত ১৭/১০/১৭ তারিখে অনুষ্ঠিত স্টিয়ারিং কমিটির সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতিসহ স্টিয়ারিং কমিটির সভার কার্যপত্র আগামী ০৪/০২/২০১৮ তারিখ বেলা ১০.০০ ঘটিকার মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট সফট কপি (rahimanaf52@gmail.com) ও হার্ড কপি প্রেরণের বিষয়টি নিশ্চিত করবেন।

৩। সংশ্লিষ্ট প্রকল্প পরিচালকগণ প্রকল্পের সর্বশেষ বাস্তব অগ্রগতির ভিডিও চিত্র এবং প্রকল্পের সামগ্রিক অগ্রগতি পাওয়ার পয়েন্টের মাধ্যমে সভায় উপস্থাপন করবেন।

৪। স্টিয়ারিং কমিটির সকল সদস্যকে উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(মোঃ শফিউর রহমান)
সহকারী প্রধান
ফোনঃ ৯৫৪০৫২৫।

বিতরণ (জ্যেষ্ঠতা ক্রমানুসারে নয়):

০১। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃঃ আঃ-অতিরিক্ত-সচিব, বাজেট-৪)।
০২। সচিব, পরিকল্পনা বিভাগ, শের-ই-বাংলা নগর, ঢাকা (দৃঃ আঃ-যুগ্ম-প্রধান, এনইসি একনেক ও সমন্বয় অনুবিভাগ)
০৩। সচিব, আইএমইডি, শের-ই-বাংলা নগর, ঢাকা (দৃঃ আঃ-মহাপরিচালক, শিল্প ও শক্তি) ।
০৪। সদস্য, শিল্প ও শক্তি বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা (দৃঃ আঃ-যুগ্ম-প্রধান, পাট বস্ত্র ও বেপজা উইং)।
০৫। সদস্য, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
(একজন উপযুক্ত প্রতিনিধি প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।
০৬। অতিরিক্ত সচিব (পরিকল্পনা), বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৭ যুগ্ম-সচিব (পরি), বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৮। উপ-প্রধান, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৯। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, অডিট ও মনিটরিং, গণপূর্ত বিভাগ, সেগুন বাগিচা, ঢাকা।
১০। চেয়ারম্যান, বাংলাদেশ তাঁত বোর্ড, ৭-৯, কাওরান বাজার, ঢাকা।
১১। মহাপরিচালক, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী।
১২। প্রকল্প পরিচালক, "ব্যালেন্সিং মডার্নাইজেশন রিনোভেশন এন্ড এক্সপানশন (বিএমআরই) অব দ্যা এক্সিসটিং ক্লথ প্রসেসিং সেন্টার এ্যাট মাধবদি, নরসিংদী (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্প, বাংলাদেশ তাঁত বোর্ড, কাওরান বাজার, ঢাকা।

E:\Old-G\Rahim\Notice.doc

১৩। প্রকল্প পরিচালক, বিভিন্ন তাঁত অধ্যুষিত এলাকায় ০৩টি তাঁত সেবা কেন্দ্র স্থাপন শীর্ষক প্রকল্প, বাংলাদেশ তাঁত বোর্ড, ৭-৯, কাওরান বাজার, ঢাকা।

১৪। সদস্য (অর্থ ও পরিঃ), বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী।

১৫। প্রকল্প পরিচালক, বাংলাদেশ রেশম শিল্পের সম্প্রসারণ ও উন্নয়নের জন্য সমন্বিত পরিকল্পনা শীর্ষক প্রকল্প, রাজশাহী।

১৬। প্রকল্প পরিচালক, রেশম প্রযুক্তি উন্নয়ন, বিস্তার ও দক্ষ জনশক্তি সৃষ্টির মাধ্যমে উৎপাদনশীলতা বৃদ্ধিকরণ, বিএসআরটিআই, রাজশাহী।

১৭। প্রকল্প পরিচালক, ৪টি টেক্সটাল ইন্সটিটিউট স্থাপন শীর্ষক প্রকল্প, বস্ত্র পরিদপ্তর, ৭-৯, কাওরান বাজার, ঢাকা।

১৮। সিনিয়র সহকারী প্রধান, পরিকল্পনা শাখা-২, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১৯। সহকারী প্রধান, পরিকল্পনা শাখা-১, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ-

০১। উপ-সচিব, নিরাপত্তা-২, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(সংশ্লিষ্ট কর্মকর্তাকে গাড়ীসহ সচিবালয়ে প্রবেশের ছাড়পত্র প্রদানের জন্য অনুরোধ করা হলো)।

০২। সচিব মহোদয়ের একান্ত সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৩। উপ-সচিব, প্রশাসন-২ অধিশাখা (সেবা) শাখা, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(যথাসময়ে সভাকক্ষ প্রস্তুত রাখা এবং ৩০ জনের আপ্যায়নের ব্যবস্থার জন্য অনুরোধ করা হলো)

E:\Old-G\Rahim\Notice.doc